দৈনিক
ইত্তেফাক

তারিখ ........ [illegible]
পৃষ্ঠা ..... [illegible] কলাম ..... [illegible]

# একটি তৃতীয় বিভাগ প্রাপ্তরাও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক হতে পারবেন

**ইত্তেফাক রিপোর্ট** ॥ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, ডিগ্রী ও মাস্টার্স-এর যে কোন এক পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণীপ্রাপ্তরা অবশেষে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক হবার সুযোগ পেলেন। গতকাল মঙ্গলবার শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ৩১ সদস্যের একটি প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুকের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে মন্ত্রী এ ব্যাপারে সরকারের সিদ্ধান্তের কথা জানান। অর্থায়ন সাপেক্ষে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ১০০ ভাগ বেতন-ভাতা প্রদানের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে বলে মন্ত্রী শিক্ষক নেতৃবৃন্দকে জানান। শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর সালাউদ্দিন এ সময় উপস্থিত ছিলেন। শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া শিক্ষক প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। উল্লেখ্য, বিগত সরকারের আমলে ৯ দফা চুক্তির আলোকে যে কোন এক পরীক্ষায় তৃতীয় বিভাগপ্রাপ্তদের শিক্ষক হবার যোগ্যতা খর্ব করা হয়েছিল।